# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪. ২. ১১. ইহুদি স্ত্রীর স্বামীকে তালাক দেওয়া

যীশু বলেন: "যে কেউ নিজের স্ত্রীকে তালাক দিয়ে অন্য স্ত্রীলোককে বিয়ে করে সে তার স্ত্রীর বিরুদ্ধে জেনা করে। আর স্ত্রী যদি স্বামীকে তালাক দিয়ে অন্য লোককে বিয়ে করে তবে সেও জেনা করে।" (মার্ক ১০/১১-১২, মো.-০৬)

পল টবিন (Paul Tobin) এ প্রসঙ্গে লেখেছেন: "Jesus last sentence implies that women had the right to divorce her husband. But according to Jewish Law a woman had no right of divorce whatsoever. In Roman law, of course, a woman had that right. The author of Mark had simply and mistakenly assumed that this was so for Jewish Law as well. Again the author of Mark shows an ignorance of the conditions of Palestine which is really impossible for a native of the country to make."

"যীশুর শেষ বাক্য থেকে জানা যায় যে, স্ত্রীও স্বামীকে তালাক দেওয়ার ক্ষমতা রাখত। কিন্তু ইহুদি আইন বা তৌরাতের বিধান অনুসারে স্বামীকে তালাক দেওয়ার কোনো ক্ষমতা স্ত্রীর ছিল না। তবে রোমান আইনে স্ত্রী স্বামীকে তালাক দিতে পারত। মার্কের লেখক ভুলক্রমে ভেবেছেন যে, ইহুদি আইনও বোধহয় রোমান আইনের মতই ছিল। এটা প্রমাণ করছে যে, মার্কের ইঞ্জিলের লেখক ফিলিস্তিনের অবস্থা সম্পর্কে অজ্ঞ ছিলেন। কোনো ফিলিস্তিনি ইহুদির পক্ষে এরূপ ভুল করা সম্ভব নয়।"[1]

## ফুটনোট

[1] http://www.rejectionofpascalswager.net/markauthor.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14173

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন